# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 25 April, 2025

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরী বিভাগ থেকে বেসরকারি হাস্পাতালের আইসিইউতে রোগী ভাগিয়ে নেয়া এবং আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনায় জড়িত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলের ছাত্রদলের সাধারণ সম্পাদক শাহাদাত হোসেনকে সাংগঠনিক পদ থেকে বহিষ্কার করা হয়েছে।

আজ বৃহস্পতিবার ছাত্রদলের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক জাহাঙ্গীর আলম সাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে অভিযুক্ত শাহাদাতকে বহিষ্কারের কথা জানানো হয়।

এতে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সিদ্ধান্ত মোতাবেক সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগের ভিত্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার অধীনস্থ ফজলুল হক মুসলিম হল ছাত্রদলের সাধারণ সম্পাদক শাহাদাত হোসেনকে সাংগঠনিক পদ থেকে বহিষ্কার করা হলো।

এতে আরও বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির এই সিদ্ধান্ত অনুমোদন করেন এবং জাতীয়তাবাদী ছাত্রদলের সকল পর্যায়ের নেতাকর্মীদের তার সাথে কোনরূপ সাংগঠনিক সম্পর্ক না রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।

জানা যায়, বহিষ্কৃত শাহাদাত হোসেন ঢাকা মেডিকেলের জরুরি বিভাগ থেকে রোগী নিয়ে বেসরকারি হাস্পাতালে পাঠাতো।এ কাজে তার নিজস্ব একটি সিন্ডিকেট রয়েছে।গতকাল বুধবার রাতে প্রতিদ্বন্দ্বী দালাল চক্রের সাথে রোগী ভাগিয়ে নেওয়া নিয়ে সংঘর্ষের ঘটনা ঘটে।

এ বিষয়ে বহিষ্কৃত ছাত্রদল নেতা শাহাদাত হোসেন আজকের পত্রিকাকে বলেন, ঢাকা মেডিকেল সিসিটিভির আওতাধীন।সেগুলো চেক করে আমার অপরাধ থাকলে আমার বিরুদ্ধে পদক্ষেপ নিতে পারেন।যে সাংবাদিক এ ঘটনার পেছনে কলকাঠি নেড়েছে সে ফ্যাসিবাদের দোসর।সে আমার কাছ থেকে টাকা চেয়েছে।আমাকে বলেছে, "ব্যবসা বাণিজ্য তো করেন, আসেন সেটিং দিই"।

তিনি বলেন, 'রোগী আদান প্রদানের নিয়ে ব্যবসা বাণিজ্য করি এটা সত্য।রোগী আদান প্রদান অপরাধ না।ঢাকা মেডিকেলে আইসিউর পরিমাণ সীমিত।সেখানে বিভিন্ন মেডিকেল মার্কেটিংয়ের জন্য প্রতিনিধি রাখে।এ মার্কেটিং মেডিকেলে কতৃপক্ষের কাছেও অবৈধ কিছু না।

এ সব ব্যবসা সিন্ডিকেটের মাধ্যমে পরিচালিত হয় এ বিষয়টিও সত্য বলে স্বীকার করেন তিনি।তিনি বলেন, 'আমি চাইছিলাম ব্যবসা বাণিজ্য করি।কিন্তু তারা (প্রতিদ্বন্দ্বীরা) আমাকে ব্যবসা করতে দিবে না।উল্টো সংঘর্ষে মারল,আমার লোকদের গালিগালাজ করল।তারপর আমাকেই দল থেকে বহিষ্কার করলো।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ছাত্রদল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:59

URL: https://www.timestodaybd.com/politics/4846261426